ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা
www.dscc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৪.০০.৫৩৫.২০২০/ ৪৯৪

তারিখ ঃ ২১ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ
০৬/১০/২০২০ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

### *ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন কবরস্থান পরিচালনা নীতিমালা-২০২০*

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৪১(১) (ক) ধারা এবং একই আইনের তৃতীয় তফসিলের ২৩ নং অনুচ্ছেদে বর্ণিত 'গোরস্থান ও শ্মশান' শীর্ষক কার্যাবলী মোতাবেক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন (ক) আজিমপুর কবরস্থান; (খ) জুরাইন কবরস্থান (মুরাদপুর ও ধলপুর কবরস্থানসহ) ও (গ) খিলগাঁও কবরস্থান পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য 'ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রণাধীন কবরস্থান পরিচালনা নীতিমালা-২০২০' অনুমোদন দেয়া হলো। এ নীতিমালা জারীর পর ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নতুন কোন কবরস্থান তৈরী করা হলে, সে কবরস্থানও এ নীতিমালার আওতায় পড়বে।

২.০ *সাধারণ নীতিমালা ঃ*

২.১ প্রতিটি কবরস্থানের জন্য প্রস্তুতকৃত মহাপরিকল্পনা সংশ্লিষ্ট কবরস্থানে সংরক্ষণ ও প্রদর্শন করতে হবে। মহাপরিকল্পনা অনুযায়ী কবরস্থানের প্রতিটি কবরের নম্বর, সারি নম্বর ও রাস্তার নম্বর দেয়ার ব্যবস্থা থাকবে যাতে সহজে কবর সনাক্ত করা যায়।

২.২ কবরস্থানের কবরসমূহ সাধারণ এবং সংরক্ষিত হিসাবে চিহ্নিত থাকবে।

২.৩ কবরস্থানে অগ্রিম কবর বা অগ্রিম কবরের জন্য জায়গা সংরক্ষণ সম্পূর্ণরূপে বন্ধ থাকবে।

২.৪ কবরস্থানের কোন স্থান বা কবরে কোনভাবে মাজার করা বা মাজার হিসেবে চিহ্নিত করা যাবে না।

২.৫ কবরস্থানে সাধারণভাবে সকাল ৬.০০ থেকে রাত ১২.০০ টা পর্যন্ত লাশ দাফন করা যাবে। তবে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে এ সময়সীমার পরও লাশ দাফন করা যাবে।

২.৬ কবরস্থানে দাফনকৃত ব্যক্তিদের একটি উপাত্ত-ভান্ডার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক পর্যায়ক্রমে তৈরী ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।

২.৭ প্রতিটি কবরস্থানে জানাজার স্থান, লাশের গোসল ঘর, অপেক্ষমান কক্ষ এবং ওজুখানা থাকবে।

২.৮ লাশ দাফনের সংখ্যার উপর ভিত্তি করে প্রযোজ্য ক্ষেত্রে ধর্মীয় অনুশাসন অনুযায়ী শরিয়ত সম্মতভাবে নির্দিষ্ট সময়/বৎসর পর পর কবর চালার মাধ্যমে নতুনভাবে তা ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হবে।

২.৯ প্রতিটি কবরের জন্য নিজস্ব সীমানা/আয়তন নির্ধারিত থাকবে। মৃত ব্যক্তির বয়স ও মাপ অনুযায়ী সাধারণভাবে বড় কবর=৮´X৪´, মাঝারী কবর=৫´X৩´ এবং ছোট কবর=৩´-৬"X২´ আয়তনের বেশী হবে না।

২.১০ কবরস্থানের নিরাপত্তা, পবিত্রতা ও সুষ্ঠু পরিবেশ সংরক্ষণের বিষয়ে সিটি কর্পোরেশন প্রয়োজনীয়/যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২.১১ প্রতিটি কবরস্থানে লাশ দাফনের জন্য যথাযথ প্রক্রিয়ায় বাঁশ ও চাটাই সরবরাহ এবং কবর খনন কাজে ঠিকাদার নিযুক্ত করা থাকবে। নিযুক্ত ঠিকাদার নির্ধারিত দর অনুযায়ী লাশ দাফনকারী ব্যক্তির নিকট হতে রশিদ প্রদান পূর্বক ব্যয় বাবদ অর্থ গ্রহণ করতে পারবে। তবে কোন লাশ দাফনকারী ব্যক্তি স্বেচ্ছায় নিজ উদ্যোগে বাঁশ, চাটাই এনে কবর দিতে পারবেন। এক্ষেত্রে শুধু কবর খননের নির্ধারিত মূল্য পরিশোধ করবেন।

২.১২ কবরস্থানসমূহ ইজারা প্রদানের ক্ষেত্রে বাঁশ, চাটাই সরবরাহের দর ও কবর খননের মজুরী দাপ্তরিক প্রাক্কলিত নির্ধারিত ব্যয় (Official cost estimate) তৈরী করতে হবে (যাহা যথাসময়ের বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে নির্ধারিত হবে)।

২.১৩ কবরস্থানসমূহে প্রতিটি লাশ দাফনের ক্ষেত্রে অনুমোদিত ঠিকাদারের (বাঁশ, চাটাই ও কবর খনন) বিল ছাড়াও প্রতিটি লাশ দাফন বাবদ কর্পোরেশন কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি ১০০০/-(এক হাজার) টাকা আদায় করা হবে। তবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এ ক্ষেত্রে অন্যরূপ সিদ্ধান্ত গ্রহণ করলে তদানুযায়ী ব্যবস্থা গৃহীত হবে।

চলমান পাতা-২

২.১৪ পূর্বে সংরক্ষিত কবরের জন্য বরাদ্দকৃত জায়গার পরিমাণ ৮´X৪´ এর অতিরিক্ত হবে না। কবর পাকা করার ক্ষেত্রে উক্ত বরাদ্দকৃত জায়গার বেশী জমি কোনক্রমেই ব্যবহার করা যাবে না এবং উচ্চতা হবে ছাদবিহীন অনধিক ৩ (তিন) ফুট।

২.১৫ বেওয়ারিশ লাশ দাফনের ক্ষেত্রে প্রকৃত খরচ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বহন করা হবে।

২.১৬ কবরে ছোট জাতের ফুল গাছ (বুশ জাতীয় গাছ) ব্যতীত অন্য কোন গাছ লাগানো যাবে না।

৩.০ *সাধারণ কবরের জন্য প্রযোজ্য নীতিমালা ঃ*

৩.১ কবরস্থানে 'সংরক্ষিত' হিসাবে চিহ্নিত ব্যতীত অন্যান্য সকল কবর 'সাধারণ কবর' হিসাবে বিবেচিত হবে।

৩.২ সাধারণ কবরের ক্ষেত্রে অনুমোদিত ঠিকাদারের লাশ দাফনের বিল ও নির্ধারিত কবর নিবন্ধন ফি প্রযোজ্য হবে।

৩.৩ প্রতিটি কবরস্থানে বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি রক্ষার্থে সাধারণ কবরে দাফনকৃত কবর বিনা ফি'তে পাকা স্থাপনা না করে ১০(দশ) বছরের জন্য সংরক্ষণ করা যাবে। জুরাইন কবরস্থানে ১.৫ একর জায়গা মুক্তিযোদ্ধাদের লাশ দাফনের জন্য সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে প্রমাণ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সমম্বিত তালিকায় নাম থাকতে হবে এবং মুক্তিযোদ্ধা সনদ দাখিল সাপেক্ষে কর্তৃপক্ষের অনুমতিক্রমে উক্ত সময়ের জন্য সংরক্ষণ করা যাবে।

৩.৪ লাশ দাফনের প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে ধর্মীয় অনুশাসন অনুযায়ী ও শরিয়ত সম্মতভাবে যথাসময় পর সাধারণ কবর চালার মাধ্যমে নতুনভাবে ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা যাবে।

৩.৫ ইতোপূর্বে মেয়াদ ভিত্তিক সংরক্ষিত কবরের নির্ধারিত মেয়াদ শেষে তা নবায়ন/ সময় বর্ধিত না করা হলে তা সাধারণ কবর হিসেবে বিবেচিত ও ব্যবহৃত হবে।

৩.৬ অস্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে (গুলিবিদ্ধ, অস্ত্রের আঘাতে মৃত্যু, বিষ প্রয়োগে মৃত্যু, আত্মহত্যা, দূর্ঘটনায় মৃত্যু ইত্যাদি) জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি/ ময়না তদন্ত প্রতিবেদন/ পুলিশের ছাড়পত্র বা প্রত্যয়ন ছাড়া লাশ দাফন করা যাবে না।

৪.০ *সংরক্ষিত কবরের জন্য প্রযোজ্য নীতিমালা ঃ*

৪.১ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ শুধুমাত্র (ক) জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতিপ্রাপ্ত/বরেণ্য ব্যক্তিবর্গ ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা (খ) সমাজে বিশিষ্ট ভূমিকা/অবদান রাখা ও পদস্থ কর্মকর্তা এবং (গ) বিশেষ বিবেচনায় কোন ব্যক্তির দাফনকৃত কবর নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে ১০/১৫/২০/২৫ বছরের জন্য অস্থায়ী সংরক্ষণের জন্য বিবেচনা করতে পারবেন। উপরোক্ত 'ক' চিহ্নিত জাতীয় পর্যায়ে স্বীকৃতিপ্রাপ্ত/বরেণ্য ব্যক্তিবর্গ বলতে প্রাক্তন রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, প্রাক্তন মেয়র, স্বাধীনতা/একুশে পদক প্রাপ্ত ব্যক্তি, জাতীয় অধ্যাপক ও বিদেশ হতে খেতাব প্রাপ্ত ব্যক্তিবর্গকে বোঝাবে। এছাড়া 'খ' এবং 'গ' চিহ্নিত ব্যক্তিবর্গ কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হবে।

৪.২ এই নীতিমালার আওতায় সংরক্ষিত অথবা ইতোপূর্বে সংরক্ষিত বা স্থায়ী কবরের উপর নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে পুনঃকবর দেয়া যাবে। তবে সংরক্ষিত কবরের উপর দাফনকৃত ব্যক্তির পিতা/মাতা/ স্বামী/স্ত্রী/পুত্র/কন্যা/ভাই/বোন ছাড়া অন্য কাউকে পুনঃকবর দেয়া যাবে না।

৪.৩ সংরক্ষিত কবরের মধ্যে পুনঃকবর দেয়া হলে তার পূর্বের মেয়াদ বহাল থাকবে। তবে, নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সংরক্ষণের মেয়াদ বৃদ্ধি করা যাবে।

৪.৪ ২৫ বছর মেয়াদী সংরক্ষিত কবরে অস্থায়ী বেষ্টনী নির্মাণ করা যাবে। তবে তার উচ্চতা ৩ (তিন) ফুট এর বেশী হবে না।

৪.৫ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যুর পর প্রথম পাঁচ বছরের জন্য বিনা ফি'তে কবর সংরক্ষণ করা যাবে। এ ক্ষেত্রে প্রেষণে কর্মরত অথবা কর্মরত ছিলেন কর্মকর্তা/কর্মচারীদের জন্য এ বিধি প্রযোজ্য হবে। তবে নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে মেয়াদ ভিত্তিক কবরের মেয়াদ সংরক্ষণ করা যাবে।

৪.৬ সংরক্ষিত কবরের বরাদ্দ কোনক্রমেই কোনরূপ দান/ক্রয়/বিক্রয় বা অন্য কোন উপায়ে অপর কোন ব্যক্তিকে (বরাদ্দ গ্রহীতা বা তার পিতা/ মাতা/ স্বামী/ স্ত্রী/ পুত্র/ কন্যা/ ভাই/ বোন ব্যতীত) হস্তান্তর করা যাবে না।

৪.৭ *সংরক্ষিত কবরের ক্ষেত্রে অনুমোদিত ঠিকাদারের লাশ দাফনের বিল ও নির্ধারিত কবর নিবন্ধন ফি ছাড়াও নিম্নলিখিত হারে কবর সংরক্ষণ ফি প্রদান করতে হবে।*

(ক) *সংরক্ষিত কবরের সংরক্ষণ ফি ঃ*

| ব্যক্তিবর্গ | সংরক্ষণ ফি (টাকায়) | | | |
|---|---|---|---|---|
| | ১০ বছর মেয়াদী | ১৫ বছর মেয়াদী | ২০ বছর মেয়াদী | ২৫ বছর মেয়াদী |
| 'ক' 'খ' ও 'গ' ক্যাটাগরী চিহ্নিত | ৫,০০,০০০/- | ১০,০০,০০০/- | ১৫,০০,০০০/- | ২০,০০,০০০/- |

চলমান পাতা ৩

(খ) *সংরক্ষিত কবরে পুনঃকবর ফি ঃ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা।*

৫. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন কবরস্থানসমূহে কবর সংরক্ষণ করার আবেদনসমূহ নীতিমালার আলোকে মাননীয় মেয়র এঁর নির্দেশক্রমে উপস্থাপন করা যাবে।

৬. দাফনকৃত ব্যক্তির তথ্যাবলী সম্বলিত উপাত্ত-ভান্ডার তৈরী করতে হবে, যা সিটি কর্পোরেশনের ওয়েবসাইটের মাধ্যমে জনসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। যেখান থেকে মুদ্রিত অনুলিপি নিয়ে মৃতব্যক্তির আত্মীয়স্বজনরা প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার করতে পারবে।

৭. এ নীতিমালা জারি করার পরে, পূর্বে জারীকৃত কবরস্থান পরিচালনা সংক্রান্ত সকল নীতিমালা বাতিল বলে গণ্য হবে। তবে, পূর্বের নীতিমালার আলোকে কবর বরাদ্দ বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ বলবৎ থাকবে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ প্রয়োজনের নিরিখে এ নীতিমালা সংশোধন, পরিবর্তন ও সংযোজন করতে পারবে।

৮. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(স্বাক্ষরিত) ০৫।১০।২০

(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন-৯৫৬৩৫০৭
secretary@dscc.gov.bd

স্মারক নং ৪৬.২০৭.০০০.০৪.০০.৫৩৫.২০২০/৪৯৪ তারিখ ঃ ২০ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ / ০৫/১০/২০২০ খ্রিস্টাব্দ

*সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)* ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (সকল)............................................, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-............., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
৫। সিস্টেম এনালিস্ট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৮। সমাজকল্যাণ কর্মকর্তা (সকল), অঞ্চল-..........., ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৯। সংশ্লিষ্ট শাখা সহকারী, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১০। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
১১। মোহরার,........................................কবরস্থান, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
১২। অফিস আদেশ বহি।
১৩। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০০০.০৪.০০.৫৩৫.২০২০, তারিখ-২০/০৮/২০২০ খ্রিঃ)।

(স্বাক্ষরিত) ০৫/১০/২০২০

(মুহাম্মদ মোতালেব)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা

৮/১০/২০২০